

## সম্মতিপত্র

কৃষকের নিজস্ব জমি / লিজ নেওয়া জমি / ঘোথ মালিকানাধীন জমি অন্তর্ভুক্তিকরণের সম্মতি

কৃষকের বিবরণ ("কৃষক"):

কৃষকের নাম:		কৃষক আইডি:	
পিতার নাম:		ফোন নম্বর:	
ঠিকানা:		বয়স:	
		পুরুষ/মহিলা:	
গ্রাম:		ব্লক:	
জেলা:		আধার নং:	

জমির বিবরণ ("জমি"):

জমির পরিমাণ:		দাগ নং:		খতিয়ান নং:	
--------------	--	---------	--	-------------	--

জমি মালিকানার ধরণ: নিজস্ব জমি  লিজ নেওয়া জমি  ঘোথ মালিকানাধীন জমি

লিজ নেওয়া জমির মালিকের বিবরণ (কেবল লিজ নেওয়া জমির জন্য প্রযোজ্য):

জমির মালিকের নাম:		পিতা/মাতা -র নাম:	
ফোন নম্বর:		আধার নং:	
গ্রাম:		ব্লক:	জেলা:

ইনকিউব (InQube Technologies Private Limited) ("প্রকল্প অধিকর্তা") কৃষকদের এ-ডিলিউ-ডি (AWD) প্রকল্পের দ্বারা ধানচাষে গ্রিনহাউস গ্যাস / মিথেন গ্যাস নির্গমন কমানোর সম্পর্কে অবহিত করেছে এবং নিম্নলিখিত বিষয়গুলি স্পষ্টভাবে ব্যাখ্যা করেছে:

- এটি একটি প্রযোজ্য প্রকল্প, এবং কৃষক স্বেচ্ছায় ইনকিউব (InQube)-এর এ-ডিলিউ-ডি (AWD) প্রকল্পে অংশ নিচ্ছেন।
- ইনকিউব (InQube) এর পক্ষ থেকে প্রকল্প সহযোগী হিসেবে Kopa Krishi Utpadak FPC এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় তদারকি ও সহযোগিতা প্রদান করবে।
- এ-ডিলিউ-ডি (AWD) চাষের পদ্ধতি হল জল সাশ্রয় এবং গ্রিনহাউস গ্যাস / মিথেন গ্যাস নির্গমন কমানো
- কৃষককে বিনামূল্যে এ-ডিলিউ-ডি (AWD)-এর জন্য পাইপ সরবরাহ করা হবে
- ইনকিউব (InQube) এ-ডিলিউ-ডি (AWD) সম্পর্কিত সবরকম প্রশিক্ষণ প্রদান করবে
- এই প্রকল্পের জন্য কৃষকের থেকে কোনো অর্থমূল্য নেওয়া হবে না।
- এই প্রকল্পে উৎপাদিত কার্বন ক্রেডিটের মাধ্যমে যে অর্থ সংগৃহীত হবে, তার থেকে প্রকল্প চালানোর খরচ বাদ দিয়ে বাকি অর্থ নথিভুক্ত কৃষকের কৃষি সংক্রান্ত খরচের সহায়তায় বা এই এলাকায় অন্য সামাজিক উন্নয়নের খাতে ব্যয় করা হবে, যাতে কৃষক সার্বিক ভাবে লাভবান হন।
- এই প্রকল্পটি কার্বন/জিএইচজি অফসেট প্রোগ্রামের অধীন এবং কৃষকের জমি ইনকিউবের কার্বন প্রকল্পের অংশ হবে
- এই প্রকল্প থেকে উৎপাদিত কার্বন ক্রেডিট ও সেটি তৃতীয় পক্ষের ক্রেতার কাছে বিক্রি করার অধিকার প্রকল্প অধিকর্তা (InQube Technologies Private Limited) অথবা তাদের নির্ধারিত কোনো সংস্থার কাছে থাকবে।
- প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নে কৃষক প্রকল্প অধিকর্তা এবং এর কর্মীদের সহায়তা করবেন।
- এই প্রকল্পের অধীনে জমিতে সার প্রয়োগের হার অপরিবর্তিত থাকবে।
- প্রকল্প অধিকর্তার নির্দেশিকা এবং কৌশল অনুসারে জমিতে জলের স্তর পর্যবেক্ষণ করুন এবং জমিতে সেচ দিন।

১৩. প্রকল্প অধিকর্তা কর্তৃক আয়োজিত স্টেকহোল্ডারদের পরামর্শ সভায় অংশগ্রহণ করতে হবে।
১৪. নথিভুক্ত জমিতে অন্য কোম্পানি/সংস্থাকে এ-ড্রিউ-ডি (AWD) প্রকল্পে অংশগ্রহনের অনুমতি দেওয়া যাবে না।
১৫. প্রকল্প অধিকর্তার দেওয়া এ-ড্রিউ-ডি (AWD) পাইপগুলিকে যত্ন সহকারে রাখতে হবে – কারণ প্রতি মরশ্মে এই পাইপ জমিতে ব্যবহার করা প্রয়োজন। এই পাইপের কোনো ক্ষয়ক্ষতি হলে তার জন্য প্রকল্প অধিকর্তা দায়ী থাকবে না।
১৬. প্রতি মরশ্মে কৃষি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যগুলি ইনকিউব (InQube)-এর সফটওয়্যার-এ নথিভুক্ত করতে হবে – এ ব্যাপারে প্রকল্প সহযোগী Kopa Krishi Utpadak FPC সহায়তা করবেন।

### **কার্বনের অধিকার:**

১. "জমি" বলতে উপরে তালিকাভুক্ত জমিগুলিকে বোঝায় যা কৃষকের মালিকানাধীন বা ব্যবহারের ও চাষ করার দীর্ঘমেয়াদী অধিকার রয়েছে।
২. কৃষক এই প্রকল্প চলাকালীন এই জমিতে এই প্রকল্প দ্বারা সৃষ্টি বা অন্য কোনো কার্বন নিঃসরণ কমানোর পদ্ধতির দ্বারা সৃষ্টি কার্বনের "কার্বন অধিকার" প্রকল্প অধিকর্তা কে দিচ্ছেন।
৩. প্রকল্প অধিকর্তা ভারতে বা বিদেশে এই কার্বন অধিকারগুলি নিবন্ধন, সংরক্ষণ, বিক্রয় বা পরিচালনা করতে পারবেন।
৪. কৃষক এই কার্বন অধিকার অন্য কাউকে বিক্রি করতে বা দিতে পারবেন না।
৫. কৃষক নিশ্চিত করছেন যে তারা আইনত জমির মালিক, ব্যবহারকারী এবং এই অধিকারগুলি দিতে পারেন।
৬. কৃষককে জমির প্রমাণপত্র (রেকর্ড, পাসবই, ইজারা, বা অন্যান্য কাগজপত্র), প্রয়োজনে দেখাবেন।
৭. যদি জমি বিক্রি বা লিজ দেওয়া হয়, তাহলে কৃষক (i) প্রকল্প অধিকর্তাকে জানাবেন, এবং (ii) নিশ্চিত করবেন যে নতুন মালিক বা ব্যবহারকারী ইতিমধ্যে প্রদত্ত কার্বন অধিকারের জন্য এই চুক্তিটি গ্রহণ করেছেন।

### **সময়সীমা:**

১. এই চুক্তি পত্রটি ১৫ বছরের জন্য বৈধ থাকবে। দুপক্ষের সম্মতিক্রমে এর মেয়াদ প্রয়োজনমত বাড়ানো যেতে পারে।
২. কৃষক যেকোনো কৃষি মরশ্মের শেষে এই প্রকল্প থেকে বেরিয়ে যেতে পারেন, তবে তার জন্য মরশ্ম শুরুর আগে প্রকল্প অধিকর্তাকে বা স্থানীয় প্রতিনিধিকে জানাতে হবে।

### **তথ্য সুরক্ষা:**

১. কৃষক সম্মত যে প্রকল্প অধিকর্তা প্রকল্প নিবন্ধন, পর্যবেক্ষণ এবং কার্বন অধিকার বিক্রয়ের জন্য ব্যক্তিগত এবং জমির তথ্য ব্যবহার করতে পারেন, এবং তথ্য নিরাপদ এবং সুরক্ষিত রাখবেন।

### **প্রযোজ্য আইন:**

১. এই চুক্তিপত্রটি ভারতীয় আইনের অধীনে পরিচালিত – এবং এই চুক্তিপত্র সম্পর্কিত যেকোনো বিবাদ কলকাতার আদালতে নিষ্পত্তি যোগ্য।

### **কৃষকের স্বীকৃতি:**

কৃষক নিশ্চিত করছেন যে এই চুক্তিটি তাদের ভাষায় ব্যাখ্যা করা হয়েছে, তারা এটি সম্পূর্ণরূপে বোঝে এবং তারা এর সমস্ত শর্তাবলীতে সম্মত। কৃষক তাদের সম্মতি প্রকাশ করার জন্য নীচে স্বাক্ষর করেন বা তাদের আঙুলের ছাপ দেন।

### **কৃষকের নিজস্ব জমির জন্য প্রযোজ্য অংশ -**

এই সম্মতি পত্রের মাধ্যমে উপরে উল্লিখিত জমির মালিক স্বেচ্ছায় ইনকিউব (InQube) – এর সাথে উন্নত ধান চাষ পদ্ধতিতে চাষ করার জন্য অল্টারনেট ওয়েটিং অ্যান্ড ড্রাইং (এ ড্রিউ ডি) প্রকল্পে যোগদান করছেন।

Suman Chatterjee

### **কৃষকের স্বাক্ষর**

### **কৃষকের লিজ নেওয়া জমির জন্য প্রযোজ্য অংশ -**

এই সম্মতি পত্রের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী জমির মালিক নিম্নস্বাক্ষরকারী কৃষককে তার লিজ নেওয়া জমিতে উন্নত ধান চাষ পদ্ধতি অনুসরণ করে চাষ করার এবং এই প্রকল্প থেকে সুযোগ সুবিধা পাওয়ার অনুমতি দিচ্ছেন।

জমির বিবরণ উপরে দেওয়া আছে। চাষাবাদকারী কৃষকের ক্ষেত্রে কোনো পরিবর্তন হলে এই চুক্তিপত্র পরিবর্তন করা হবে।

### জমির মালিকের স্বাক্ষর

### চাষাবাদকারী কৃষকের স্বাক্ষর

#### যৌথ মালিকানাধীন জমির জন্য প্রযোজ্য অংশ

আমরা, উপরে উল্লিখিত কৃষকের পরিবারের সদস্য, এই মর্মে ঘোষণা করছি যে, নিম্নলিখিত কৃষিজমি একটি যৌথ মালিকানার পারিবারিক সম্পত্তি। এই জমির আইনত মালিকানা পরিবারের নিম্নলিখিত সদস্যদের।

এই সম্মতি পত্রের মাধ্যমে আমরা পরিবারের সদস্যরা নিম্নলিখিত জমিতে স্বেচ্ছায় ইনকিউব (InQube) – এর সাথে উন্নত ধান চাষ পদ্ধতিতে চাষ করার জন্য উপরে উল্লিখিত পরিবারের সদস্যকে এ-ড্রিউ-ডি (AWD) প্রকল্পে যোগদান করার এবং এই প্রকল্প থেকে সুযোগ সুবিধা পাবার অনুমতি দিচ্ছি।

#### পরিবারের সদস্যের বিবরণ ও স্বাক্ষর:

সদস্যের নাম	স্বাক্ষর
১.	
২.	
৩.	
৪.	
৫.	
৬.	

### কৃষকের স্বাক্ষর

#### সাক্ষীর স্বাক্ষর

#### যাদের উপস্থিতিতে স্বাক্ষরিত:

১ম সাক্ষীর স্বাক্ষর: নাম: আধার নং:: ঠিকানা:	২য় সাক্ষীর স্বাক্ষর: নাম: আধার নং:: ঠিকানা:
--	---